

# দেশের ৭০৮ সরকারি কলেজকে ৪ ক্যাটাগরিতে ভাগ করে প্রজ্ঞাপন জারি

অনলাইন ডেঙ্ক



শিক্ষা মন্ত্রণালয়

দেশের সরকারি কলেজগুলোর মান উন্নয়ন ও  
শ্রেণিবিন্যাস নিশ্চিত করতে চারটি ক্যাটাগরিতে  
ভাগ করে প্রজ্ঞাপন জারি করেছে অন্তর্বর্তী  
সরকার।

সোমবার (২৪ নভেম্বর) শিক্ষা মন্ত্রণালয়ের  
মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগের সরকারি  
কলেজ-৫ শাখা থেকে এ প্রজ্ঞাপন প্রকাশিত  
হয়েছে।

প্রজ্ঞাপন অনুযায়ী, দেশে মোট সরকারি  
কলেজের সংখ্যা ৭০৮টি। এরমধ্যে ‘এ’  
ক্যাটাগরিতে স্থান পেয়েছে ৮১টি কলেজ।

এ ক্যাটাগরির কলেজগুলোতে শিক্ষার্থী সংখ্যা  
৮ হাজারের বেশি এবং অনার্সের বিষয় ১০টিরও  
বেশি।

আর ‘বি’ ক্যাটাগরিতে রয়েছে ৭৪টি কলেজ,  
যেখানে শিক্ষার্থী সংখ্যা সাড়ে ৪ থেকে ৮ হাজার  
এবং অনার্সের বিষয় ৫টির বেশি।

সবচেয়ে বেশি কলেজ রয়েছে ‘সি’  
ক্যাটাগরিতে। এখানে রয়েছে ৪৪৬টি কলেজ।

এ ক্যাটাগরিতে শিক্ষার্থী সংখ্যা প্রায় সাড়ে ৪  
হাজার এবং অনার্সের বিষয় সংখ্যা ১ থেকে  
সর্বোচ্চ ৪টি।

সবশেষে ‘ডি’ ক্যাটাগরিতে রয়েছে ১০৭টি  
সরকারি কলেজ, যেখানে শুধু উচ্চমাধ্যমিক  
পর্যায়ের শিক্ষার্থীদের অধ্যয়নের সুযোগ  
রয়েছে।